কমিশনার ভ্যাট কাস্টমস (বন্ড)
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
ইস্যু নম্বর : ২৫৪
তারিখ : ৩/১১/২৬
সময় : ৩.০০
অতিরিক্ত/যুগ্ম কমিশনার
উপ/সহকারী কমিশনার
প্রোগ্রামার
রাজস্ব কর্মকর্তা
সহকারী রাজস্ব কর্মকর্তা
শাখা সহকারী
সিএ টু কমিশনার
কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭
কাস্টমস: অটোমেশন শাখা
https://nbr.gov.bd

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৮৯

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩
০২ নভেম্বর ২০২৬

বিষয়: ASYCUDA World System-এর Assessment Notice-এ বর্ণিত শুল্ক-করাদি পরিশোধ ও সুদ গণনা সংক্রান্ত বিধান এবং সুদ নির্ণয়ের সময়কাল গণনায় MIS রিপোর্ট ব্যবহার সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কাস্টমস আইন, ২০২৩-এর ধারা-৯০(২) অনুসারে ASYCUDA World System-এ ইলেকট্রনিক পদ্ধতিতে Bill of Entry দাখিল এবং সংশ্লিষ্ট শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন হওয়ার পর প্রযোজ্য শুল্ক-করাদির তথ্যসংবলিত Assessment Notice জারি করা হয়। উক্ত নোটিশ জারির পর আমদানিকারক বা তাঁর প্রতিনিধি কর্তৃক একই আইনের ধারা-৩২(১) অনুসারে প্রদেয় শুল্ক-করাদি ১০ (দশ) দিনের মধ্যে পরিশোধের বিধান রয়েছে।

২। একই আইনের ধারা-৩২(৩) অনুসারে কোনো শুল্ক, কর বা অন্যান্য চার্জ প্রদেয় তারিখের মধ্যে পরিশোধিত না হলে, উক্ত শুল্ক, কর বা অন্যান্য চার্জের উপর, তা পরিশোধযোগ্য বা প্রদেয় হবার সর্বশেষ তারিখ হতে আরম্ভ করে তা পরিশোধিত হবার তারিখ পর্যন্ত মেয়াদের জন্য মাসিক ১ (এক) শতাংশ সরল হারে সুদ পরিশোধ করতে হবে মর্মে বিধান রয়েছে।

৩। উল্লিখিত বিধানসমূহ বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আমদানিকারক বা তাঁর প্রতিনিধিকে শুল্ক-করাদি পরিশোধের সময়সীমা ও বিলম্বে পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সুদ সম্পর্কে যথাযথভাবে অবহিত করার লক্ষ্যে ASYCUDA World System-এর ইলেকট্রনিক পদ্ধতিতে জারিকৃত Assessment Notice-এ সংশ্লিষ্ট বিধান ও সুদের ধারা সংযোজনের ডেভেলপমেন্ট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সংযোজিত বক্তব্যসমূহ নিম্নরূপ:

(1) This assessment notice is issued according to Section 90(2) of the Customs Act, 2023.
(2) The payable amount has to be paid within 10 (Ten) days of the issue of this notice.
(3) A monthly simple interest of 1% on the payable amount will be charged in accordance with the provision of Section 32(3) of the Customs Act, 2023 if not paid in due time.

৪। একই সঙ্গে ASYCUDA World System-এর MIS Server-এর ইউজার-আইডি intgrep ব্যবহার করে লগইন করার পর 42 নম্বর রিপোর্ট হতে Assessment Notice জারি হবার পর শুল্ক, কর বা অন্যান্য চার্জ পরিশোধের নির্ধারিত সময়সীমা অতিবাহিত হবার মেয়াদকাল সংক্রান্ত রিপোর্ট প্রণয়ন করা যাবে। উক্ত রিপোর্ট ব্যবহারের ক্ষেত্রে কাস্টমস আইন, ২০২৩-এর ধারা-৩২(৩) অনুযায়ী প্রদেয় হবার সর্বশেষ তারিখ হতে আরম্ভ করে তা পরিশোধিত হবার তারিখ পর্যন্ত সময়কাল বিবেচ্য হবে।

৫। এমতাবস্থায়, আমদানিকারক বা তাঁদের প্রতিনিধিদের-কে Assessment Notice-এ বর্ণিত শুল্ক-করাদি পরিশোধ ও সুদ গণনা সংক্রান্ত বিধান অবহিতকরণ এবং প্রযোজ্য সুদ নির্ণয়ের লক্ষ্যে নির্ধারিত সময়কাল অতিবাহিত হওয়ার পরবর্তী মেয়াদকাল গণনার জন্য MIS Server-এর 42 নম্বর রিপোর্ট ব্যবহার নিশ্চিতপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য

চলমান পাতা - ১ / ৩

CamScanner

নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) কাস্টমস আইন, ২০২৩-এর ধারা-৩২(৩)



০২-১১-২০২৬
সন্তোষ সরেন
দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন শাখা)
ফোন : ০২২২২-২১৭৮৪৬
ইমেইল : customs.automation@nbr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।
৩। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা।
৪। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, বেনাপোল।
৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, মোংলা।
৬। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর।
৭। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, পানগাঁও।
৮। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ভোমরা, সাতক্ষীরা।
৯। কমিশনার (চলতি দায়িত্ব), বৃহৎ করদাতা ইউনিট(LTU), মূল্য সংযোজন কর।
১০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর),ঢাকা।
১১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।
১৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর।
১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, নারায়ণগঞ্জ।
১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার।
১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা।
১৯। কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।
২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ।
২১। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী।
২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর।
২৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা।
২৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল।
২৬। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
২৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
২৯। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
৩০। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৩১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা।

চলমান পাতা - ২ / ৩

CamScanner